

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৫.২০- ৫৭৪

তারিখঃ ৩১/০১/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় আপনার দায়িত্বে অবহেলা, উদাসীনতা ও তদারকির অভাবে জনাব পল্লব রায় চৌধুরী, মাঠ সংগঠক কর্তৃক সুফলভোগী হতে আদায়কৃত অর্থ বাবদ সর্বমোট ১৩৩১০৩৩.০০ টাকা হস্তমজুদ/আত্মসাৎ সংঘটিত হয়েছে। এছাড়া অফিস ও নথি ব্যবস্থাপনায় অদক্ষতার কারণে পাশবিক বিতরণ রেজিস্ট্রার হালনাগাদ না থাকা, কর্মকর্তার স্বাক্ষর ব্যতীত মাঠ সংগঠক কর্তৃক পাশ বহি সরবরাহ, কর্মচারীদের বেতনভাতা খাতের অর্জিত আয় ব্যয়ের ক্রমপঞ্জিত হিসাব না থাকা, ঋণ বিতরণ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন না করার (কোন কোন ক্ষেত্রে ঋণ ফাইল অনুমোদন ব্যতীত শুধুমাত্র চেকে স্বাক্ষর করে টাকা উত্তোলন করে ঋণ বিতরণ করা ও ঋণ বিতরণের ক্ষেত্রে সঞ্চয়ের আনুপাতিক হার ঠিক না থাকা) বিষয়সমূহ সংঘটিত হয়েছে। এমতাবস্থায়, কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে দায়িত্বে অবহেলা, উদাসীনতা, তদারকির অভাব, অফিস ও নথি ব্যবস্থাপনায় অদক্ষতার জন্য কেন কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে অপসারণ করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক,
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

জনাব আবু সুফিয়ান
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
ইরেসপো, বিআরডিবি,
ডুমুরিয়া, খুলনা

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ খুলনা।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ডুমুরিয়া জেলাঃ খুলনা।
৪. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।